দীক্ষা অর্চ্চন-বিধি

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসারঙ্গ গোস্বামী

সঙ্গণকসংস্করণং দাসাভাসেন হরিপার্ষদদাসেন কৃতম্

ষষ্ঠ সংস্করণ

শ্রীগৌরাবির্ভাব তিথি, ৫২৪ গৌরাব্দ

২৪শে বৈশাখ, ১৪১৬

প্রাপ্তিস্থান

(১) শ্রীগৌর-নিত্যানন্দ মন্দির, নন্দনাচার্য্য ভবন,
শ্রীমায়াপুর, নদীয়া

(২) শ্রীগৌড়ীয় সঙ্ঘাশ্রম, ২৩ নং ডাক্তার লেন,
কলকাতা - ১৪

(৩) শ্রীনিবাস গৌড়ীয় মঠ, কেশিয়াকোল,
বাঁকুড়া

(৪) ইম্‌লিতলা শ্রীমন্মহাপ্রভুর প্রধান গদি,
সেবাকুঞ্জ মহল্লা, পোঃ-বৃন্দাবন
জিঃ - মথুরা

(৫) দিল্লী গৌড়ীয় সঙ্ঘ, ৩এ/৮০ ডব্লিউ, ই, এ,
করোলবাগ, নিউ দিল্লী - ৫

মুদ্রাকর ঃ

ত্রিদণ্ডীস্বামী—শ্রীভক্তি অমৃত অবধূত মহারাজ
শ্রীনিবাস গৌড়ীয় মঠ, কেশিয়াকোল, বাঁকুড়া
জ্যোতি অফ্‌সেট, বাঁকুড়া হইতে মুদ্রিত।

বর্তমান মুদ্রাকর ঃ

ত্রিদণ্ডী স্বামী শ্রীভক্তি প্রসাদ সাধু মহারাজ।

ভিক্ষা—   টাকা।

শ্রীশ্রীগুরু গৌরাঙ্গৌ জয়তঃ

দীক্ষা অর্চ্চন-বিধি

সমগ্র ভারতবর্ষ ও পাশ্চাত্য প্রদেশে সনাতন-ধর্মের প্রচারক-বর
শ্রীগৌড়ীয়-সঙ্ঘপতি ওঁবিষ্ণুপাদ অষ্টোত্তরশতশ্রী

শ্রীল ভক্তিসারঙ্গ গোস্বামী

মহারাজের অনুকম্পিত
বর্তমান সঙ্ঘাধ্যক্ষ পরিব্রাজকাচার্য্য

শ্রীমদ্ ভক্তিসুহৃদ্ অকিঞ্চন মহারাজ

কর্তৃক সম্পাদিত

এবং

সঙ্ঘের যুগ্ম-সম্পাদক

ত্রিদণ্ডীস্বামী শ্রীভক্তি অমৃত অবধূত মহারাজ

কর্তৃক

শ্রীগৌড়ীয়-সঙ্ঘের প্রধান কার্যালয়—'শ্রীনন্দনাচার্য ভবন'
শ্রীধাম মায়াপুর হইতে প্রকাশিত।

গ্রন্থকারের প্রতি শ্রীল প্রভুপাদের আশীর্বাণী

(দৈনিক নদীয়া-প্রকাশ, ২৫শে মাঘ, ১৩৩৫)
তারিখের সংখ্যা হইতে সংগৃহীত)

"সুদূর হিমালয়ের উচ্চ শৃঙ্গাবস্থিত কাশ্মীর হইতে ভারতসাগরের তটদেশ পর্যন্ত এই বৃহৎ ভারতবর্ষে 'ভক্তিসারঙ্গ প্রভুকে' কে না চেনেন? তিনি গৌড়ীয়-সম্পাদক-সঙ্ঘের সভাপতি, কিন্তু সম্পাদক হইলেও তিনি সাধারণ বেতনভোগী ভৃত্য নহেন। তিনি বদান্যবর এবং নিত্যানন্দান্বয় অশূদ্র-প্রতিগ্রাহী ব্রাহ্মণোত্তম। শ্রীনিত্যানন্দের বিভিন্ন শাখায় যেরূপ শূদ্রের সহিত সম্বন্ধবিশিষ্ট সামাজিক নিম্নস্তরের ভাববিজড়িত, শ্রীভক্তিসারঙ্গের বংশে সেরূপ অকৌলিন্য বা আভিজাত্য-বিগর্হিত কোন ক্রিয়াকলাপই অদ্যাবধি পরিদৃষ্ট হয় নাই। তাই বলিয়া তিনি কেবল ভক্তিবিদ্বেষী স্মার্ত্তসমাজের অধিনায়ক বিশেষরূপে আত্মমর্যাদা স্থাপনে উদ্‌গ্রীব হন নাই। তাঁহার আভিজাত্য ও বংশ মর্যাদা তাঁহাকে ভক্তিপথ হইতে বিচ্যুত করিয়া উদরপূজক সম্প্রদায়ের অন্যতমত্বে পরিণত করে নাই। কাশীর 'ব্রাহ্মণ' নামধারী সম্মিলনে যোগদান করা

তিনি পরমার্থ-বিদ্বেষ ব্যতীত অপর কিছু নহে মনে করিয়া তাঁহাদের সহিত সমস্বরে বৈষ্ণব বিদ্বেষ করিতে পারেন নাই। শ্রীভক্তিসারঙ্গ প্রভুর আরাধ্য শ্রীগৌরসুন্দরের অযথা নিন্দাবাদ এবং মৎসরতামূলক প্রাণাধিক প্রিয়তম শ্রীচৈতন্যের প্রতি কুভাবপোষক ভট্টপল্লী-নিবাসী জনৈক পণ্ডিতের হৃদ্‌গত মলিনতা বিদূরিত করিবার জন্য তাঁহার যে অহৈতুকী চেষ্টা তাহা গৌড়ীয় পাঠকবর্গের অবিদিত নাই।

শ্রীভক্তিসারঙ্গ প্রভু শ্রীনিত্যানন্দ প্রভুর ধারায় সর্ব্বোত্তম উজ্জ্বল-রত্ন। তাঁহার বৈরাগ্য শ্রীনিত্যানন্দের প্রচারিত পথের পূর্ণ প্রকাশ। তিনি শাস্ত্রোচিত গৃহস্থধর্মে অবস্থিত হইয়াও প্রকৃত গোস্বামী এবং কৃষ্ণেতর বস্তুতে স্বভাবতই বিরক্ত। তাঁহার গুণগ্রাহী শ্রীচৈতন্য মঠ ও তাহার শাখা শ্রীগৌড়ীয় মঠপ্রমুখ অষ্টাবিংশ মঠের সকল সেবকই তাঁহার প্রতি পরম শ্রদ্ধাবন্ত।

শ্রীভক্তিসারঙ্গ প্রভু সংস্কৃত, ইংরাজি ও বাংলা ভাষায় যেরূপ অধিকারসম্পন্ন, তাহার নমুনা সকলেই গৌড়ীয়ের পাঠকসূত্রে, ত্রিদণ্ডী প্রচারকগণের পৃষ্ঠপোষকসূত্রে তাঁহার বাগ্মিতা আসমুদ্রহিমাচল আর্যাবর্ত ও দাক্ষিণাত্যের অনেকেই অবগত আছেন।

তাঁহার পবিত্র চরিত্র, নিষ্কলঙ্ক হৃদয়ভাব ও কৃষ্ণে ঐকান্তিকতা শ্রীগৌরসুন্দরে অগাধ প্রেম, ভাগ্যবন্ত শ্রীগৌড়বাসীগণ সকলেই ন্যূনাধিক প্রত্যক্ষ করিয়াছেন।

তাঁহার উদ্যমশীলতা, অরুণোদয় হইতে নিশীথ পর্যন্ত সর্বক্ষণ সর্বতোভাবে গৌড়ীয় বৈষ্ণব সমাজের কল্যাণের জন্য; কৃষ্ণকার্যের সেবা-প্রবৃত্তি অতুলনীয় বলিয়াই তিনি 'অতুল' নামের সার্থকতা সাধন করিতেছেন।

তিনি চন্দ্রের দোষাকার মুছাইয়া দিয়া শশকলঙ্কের পরিবর্তে কৃষ্ণপ্রেম কলঙ্কিনীর একায়ন পদ্ধতিতে মহাসমৃদ্ধ। এজন্য স্নিগ্ধ চন্দ্রিকা-বিতরণকারী শশধরেরও যে কলঙ্কারোপ, তাহা গৌরচন্দ্রের একান্ত অনুগত অতুলচন্দ্রের চন্দ্রত্বের সার্থকতা হইয়াছে।

যিনি যাবতীয় বন্দ্যবৈষ্ণবগণের উপাধ্যায়। তিনি ঋষিনীতির একমাত্র উদ্ধারকর্তা। তাঁহার হার্দ্দী চেষ্টাই শ্রীচৈতন্য-মঠের পরবিদ্যাপীঠ শাখার সঞ্জীবনী শক্তি। তিনি গোস্বামীকুলধুরন্ধর ও স্বয়ং প্রকৃত গোস্বামী। তিনি ভক্তিসার ও পরম পারদর্শী বলিয়া শুদ্ধভক্তগণ তাঁহার স্বরূপে ভক্তিসারঙ্গ-নির্ঘোষ শ্রবণ করিয়াছেন। এই পারমার্থিক-প্রবরের শ্রীচরণকমল-শোভা দর্শনে শুদ্ধবৈষ্ণবজগৎ মুগ্ধ।

তিনি বিশ্ববৈষ্ণবরাজসভার একজন অন্যতম সম্পাদক। তিনি শ্রীগৌড়ীয় মঠের শ্রীমদ্ভাগবতের সম্পাদকদ্বয়ের অন্যতম। তিনি শুদ্ধবৈষ্ণবজগতের আদর্শগণের অন্যতম ও শ্রীরূপানুগ বৈষ্ণবগণের অনুগত, সুতরাং জগদ্‌বরেণ্য।

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

'মুখবন্ধ'

চৌরাশিলক্ষ যোনি ভ্রমণ করিতে করিতে ভাগ্যবশে এই মনুষ্যদেহ লাভ করিয়া, পূর্ব সুকৃতিফলে মহতের সঙ্গপ্রভাবে শ্রীহরির প্রতি আকৃষ্ট হইয়া জীবের স্বরূপোপলব্ধির সুযোগ উপস্থিত হয়। তখন তিনি ভগবৎ-আরাধনাই জীবনের প্রধান কর্তব্য বলিয়া সদ্‌গুরুর চরণাশ্রয় করেন।

অভিন্ন ব্রজেন্দ্রনন্দন, কলিযুগ পাবনাবতারী শ্রীমন্মহাপ্রভু কলিভয় বিনাশক শ্রীনাম-সংকীর্ত্তন, জীবের কল্যাণের জন্য প্রবর্ত্তন করেন। নবধা-ভক্তির মধ্যে শ্রীনামসংকীর্তনকেই সর্বশ্রেষ্ঠ ভক্তি বলিয়া শাস্ত্র কীর্ত্তন করিয়াছেন। ইহা দ্বারা জীবের সর্ব্বাভীষ্ট লাভ হয়। তবে কোমল-শ্রদ্ধা সাধকের, বিশেষ করিয়া গৃহাশ্রমীর পক্ষে অর্চ্চনমার্গ মুখ্যরূপে পরিগণিত। এমন কি যাঁহার গৃহে কেশবার্চ্চন নাই—সে গৃহে অন্নাদি ভোজন নিষিদ্ধ বলিয়া শাস্ত্রকারগণ বর্ণনা করিয়াছেন। গৌড়ীয়-দর্শনাচার্য পতিতপাবন শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু তদীয় "শ্রীচৈতন্যচরিতামৃত" গ্রন্থে ভক্তির মুখ্য পঞ্চাঙ্গের মধ্যে অর্চ্চনকেও গণনা করিয়াছেন। আগমোক্ত আবাহনাদি ক্রমবিশিষ্ট কৃত্যবিশেষকে অর্চ্চন বলে। অর্চ্চনভক্তিতে শ্রদ্ধা থাকিলে মন্ত্রবিদ্ সদ্‌গুরুর চরণাশ্রয় করতঃ অর্চ্চন বিষয়ক বিধি বিশেষভাবে জিজ্ঞাসা করা দরকার। যদিও ভাগবত মতে, পঞ্চরাত্র প্রভৃতি শাস্ত্র বিহিত অর্চ্চনমার্গের উপর বিশেষ গুরুত্ব দেন নাই, তথাপি দেহাদি সংসর্গবশতঃ কদর্যস্বভাব বিক্ষিপ্ত-চিত্ত জীবগণের ঐ সকল বৃত্তির সঙ্কোচীকরণের নিমিত্তই মহর্ষি শ্রীনারদ

প্রভৃতি মহাজনগণ অর্চ্চনমার্গে বিশেষ মর্যাদা স্থাপন করিয়াছেন। দীক্ষিত ব্যক্তিমাত্রেরই অর্চ্চন অবশ্য কর্ত্তব্য। দিব্যজ্ঞান প্রদাতা শ্রীগুরুর চরণাশ্রয় করিয়া মনুষ্যমাত্রেই শ্রীহরির অর্চ্চন করিতে পারেন।

শ্রুতি-স্মৃতি পুরাণাদি পঞ্চরাত্র-বিধিং বিনা
ঐকান্তিকী হরের্ভক্তিরুৎপাতায়ৈব কল্পতে।

(শ্রীভক্তিরসামৃতসিন্ধু)

পরমার্চ্চনীয়, গৌড়ীয় সঙ্ঘপতি নিত্যলীলাপ্রবিষ্ট জগদ্‌গুরু ওঁবিষ্ণুপাদ অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ ভক্তিসারঙ্গ গোস্বামী মহারাজ "দীক্ষা অর্চ্চন বিধি" নামক গোলোকের বৈভব ভাণ্ডারের রত্নস্বরূপ এই গ্রন্থ প্রণয়ন দ্বারা শ্রদ্ধালু জীবসমূহের ভগবৎ আরাধনার পদ্ধতি ব্যক্ত করিয়া সাধকমাত্রেরই কল্যাণ বিধান করিয়াছেন।

ভক্তসমাজে এই গ্রন্থরত্নের ষষ্ঠ-সংস্করণের বিশেষ আবশ্যক বিধায় পরমারাধ্য শ্রীল গুরুদেবের প্রেরণায় বর্তমান সংঘাচার্য্য শ্রীমৎ ভক্তি প্রসাদ সাধু গোস্বামী মহারাজের চেষ্টায় প্রকাশিত হইল।

বৈষ্ণবদাসানুদাস—
শ্রীভক্তিসুহৃদ্ অকিঞ্চন
গোস্বামী মহারাজ

প্রকাশকের নিবেদন

সদ্‌গুরু-পদাশ্রয় ব্যতীত পরমার্থ শিক্ষামন্দিরে প্রবেশ করা যায় না। মনীষা প্রভাবে মানব ইহজগতের কোন কোন বিষয়ে জ্ঞান শিক্ষকের সহায়তা ব্যতীত লাভ করিতে পারেন সত্য, কিন্তু যেরূপ সূর্য্যালোক ব্যতীত সূর্য্য দর্শন সম্ভবপর নহে তদ্রূপ অপ্রাকৃত বৈকুণ্ঠস্থ শ্রীভগবান বা তাহার কৃপাসমৃদ্ধজনের করুণা ব্যতীত শ্রীভগবৎ-সূর্য্য দর্শনের সৌভাগ্য লাভ হয় না। সূর্য্যলোক হইতে যেমন সূর্য্যালোক ইহজগতে অবতীর্ণ হয়, তদ্রূপ অপ্রাকৃত ভগবৎধাম হইতে বিজ্ঞান, রহস্য ও তদঙ্গ যুক্ত পরম গুহ্য অপ্রাকৃত জ্ঞানালোক প্রপঞ্চে অবতীর্ণ হইয়া থাকেন। যাঁহার মধ্য দিয়া এই অপ্রাকৃত আলোক অবতীর্ণ হন, তিনি শ্রীগুরুদেব। তিনি এত কৃপাময় যে, মুক্তকুল শিরোমণি হইয়াও জীবোদ্ধারের জন্য ইহ-জগতে আগমন করিয়া স্বয়ং সাধকের বেশ ধারণ করেন এবং সাধন দ্বারা কি প্রকারে নিত্য ভগবৎ সেবা করিতে হয় তাহা স্বয়ং আচরণ করিয়া শিষ্যগণকে শিক্ষা দেন। ঈদৃশ শ্রীগুরুপাদপদ্ম হইতে দিব্য বা অপ্রাকৃত জ্ঞানলাভই 'দীক্ষা'। দীক্ষার ফলে পাপ, পাপবীজ, অবিদ্যা সম্পূর্ণরূপে ধ্বংস হয়। এইজন্যই শাশ্বত-শাস্ত্রকার বলেন—

> **"দিব্যং জ্ঞানং যতো দদ্যাৎ কুর্য্যাৎ পাপস্য সংক্ষয়ম্।**
> **তস্মাদ্দীক্ষেতি সা প্রোক্তা দেশিকৈস্তত্ত্বকোবিদৈঃ॥"**

দীক্ষা-লাভ ব্যতীত ত্রিতাপ হইতে উদ্ধার পাইয়া নিত্য ভগবৎ-সেবানন্দ লাভের দ্বিতীয় পন্থা নাই। পরমার্থ লাভার্থী ব্যক্তিমাত্রেরই দীক্ষালাভ অবশ্য এবং সর্বপ্রথম কৃত্য। তজ্জন্য শ্রীভগবান স্বয়ং যখন অবতীর্ণ হন, তখন তিনিও লোকশিক্ষার জন্য গুরুপাদপদ্ম হইতে দীক্ষালাভের অভিনয় করিয়া থাকেন। শ্রীকৃষ্ণ-চন্দ্রের এবং শ্রীগৌরসুন্দরের

ভৌমলীলা আলোচনা করিলে ইহা সুস্পষ্টভাবে হৃদয়ঙ্গম হইবে। গয়ায় শ্রীল ঈশ্বরপুরী-পাদের নিকটে উপস্থিত হইয়া ভগবান শ্রীগৌরাঙ্গদেব প্রার্থনা জানাইয়াছিলেন—

"সংসার সমুদ্র হইতে উদ্ধারহ মোরে।
এই আমি দেহ সমর্পিলাঙ্ তোমারে।।

কৃষ্ণ-পাদপদ্মের অমৃত-রস পান।
আমারে করাও তুমি—এই চাহি দান।।"

(চৈঃ চঃ আঃ ১৭ পঃ)

যে মুক্ত কুলের ভিতর দিয়া দিব্যজ্ঞান ধারা ক্রম পন্থায় চলিয়া আসিতেছে, তাঁহারা 'গুরু পরম্পরা' সংজ্ঞায় অভিহিত।

এদিকে যেমন কৃষ্ণতত্ত্ববিৎ সদ্গুরুপাদপদ্ম হইতে দীক্ষালাভ না হইলে গোলোক বৈকুণ্ঠে যাইবার দ্বিতীয় পন্থা নাই, অপরদিকে অতত্ত্বজ্ঞ কৃষ্ণানুশীলনরহিত লৌকিক বা কুল-গুরুর নিকটে দীক্ষালাভের একটা অভিনয় মাত্র হইলেও কোন প্রকার সুবিধা হইবে না। দীক্ষা গ্রহণ কার্য্যে শ্রীহরিভক্তি বিলাসে 'শ্রীগুরু-শিষ্য পরীক্ষা' প্রসঙ্গে যে নির্দেশ প্রদান করিয়াছেন তাহা বিশেষভাবে অনুসরণীয়।

ত্রিদণ্ডীভিক্ষু—

শ্রীভক্তিঅমৃত অবধূত

প্রণতঃ

বর্তমান সঙ্ঘাচার্য্য

শ্রীভক্তিপ্রসাদ সাধু গোস্বামী মহারাজ

৮-৫-২০০৯

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

দীক্ষা ও অর্চ্চন-বিধি

মঙ্গলাচরণ

বন্দেঽহং শ্রীগুরোঃ শ্রীযুতপদকমলং শ্রীগুরূণ্ বৈষ্ণবাংশ্চ
শ্রীরূপং সাগ্রজাতং সহগণরঘুনাথান্বিতং তং সজীবম্।
সাদ্বৈতং সাবধূতং পরিজনসহিতং কৃষ্ণচৈতন্যদেবম্
শ্রীরাধাকৃষ্ণপাদান্ সহগণললিতা শ্রীবিশাখান্বিতাংশ্চ।।

শ্রীগুরু-প্রণাম

ওঁ অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ।।

শ্রীগুরু বন্দনা

শ্রীধামমাহাত্ম্যপ্রকাশকৃত্যে বিশুদ্ধসিদ্ধান্ত গিরাং প্রচারে।
গুর্ব্বানুগত্যং দধতো সদৈব যস্য প্রচেষ্টাখিলচিত্তলগ্না।
বাগ্মীপ্রধানো প্রবরো বুধানাং যো ভক্তিসারঙ্গ পদাশ্রয়শ্চ
অপ্রাকৃতাখ্যো দ্বিজবন্দ্যো-বংশ সাধুচিতাশেষ গুণৈকবাসঃ।
শ্রীভক্তিসারঙ্গ গোস্বামী-নামা বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্।।

শ্রীল প্রভুপাদের প্রণতি

নমো ওঁ বিষ্ণুপাদায় কৃষ্ণপ্রেষ্ঠায় ভূতলে।
শ্রীমতে ভক্তিসিদ্ধান্ত-সরস্বতীতি নামিনে।।

শ্রীবার্ষভানবীদেবীদয়িতায় কৃপাব্ধয়ে।
কৃষ্ণসম্বন্ধবিজ্ঞানদায়িনে প্রভবে নমঃ।।
মাধুর্য্যোজ্জ্বল্যপ্রেমাঢ্য শ্রীরূপানুগ-ভক্তি দ।
শ্রীগৌর-করুণাশক্তিবিগ্রহায় নমোঽস্তু তে।।
নমস্তে গৌরবাণী-শ্রীমূর্ত্তয়ে দীনতারিণে।
রূপানুগবিরুদ্ধাপসিদ্ধান্তধ্বান্তহারিণে।।

শ্রীল গৌরকিশোর প্রণতি

নমো গৌরকিশোরায় সাক্ষাদ্বৈরাগ্যমূর্ত্তয়ে।
বিপ্রলম্ভরসাম্বোধে পাদাম্বুজায় তে নমঃ।।

শ্রীল ভক্তিবিনোদ প্রণতি

নমো ভক্তিবিনোদায় সচ্চিদানন্দ-নামিনে।
গৌরশক্তিস্বরূপায় রূপানুগবরায় তে।।

শ্রীল জগন্নাথ প্রণতি

গৌরাবির্ভাবভূমেস্ত্বং নির্দ্দেষ্টা সজ্জনপ্রিয়ঃ।
বৈষ্ণবসার্ব্বভৌম শ্রীজগন্নাথায় তে নমঃ।।

শ্রীবৈষ্ণব প্রণাম

বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো নমো নমঃ।।

দীক্ষা

বল্গাহীন বেগবান মত্ত অশ্বের গতিরোধ করা কষ্টকর, তাহার ক্রিয়কলাপ ভীতিজনক ও ক্ষতিকর এবং এইরূপ অশ্বকে মানবের কাজের উপযোগীভাবে নিয়ন্ত্রিত করাও সহজ নহে। প্রাকৃত জগতে আমরা দেখিতে পাই যে, এইরূপ ঘোটক্কে মানবের মঙ্গলকর কার্যে নিযুক্ত করিতে হইলে শক্ত লাগাম এবং উপযুক্ত আরোহীর আবশ্যকতা আছে। পৃষ্ঠারূঢ় নিপুণ আরোহীর ইঙ্গিত অনুসারে চালিত অশ্ব জগতের ক্ষতিকর না হইয়া লাভজনক কার্য্যে নিয়োজিত হইতে পারে।

অদীক্ষিত মনোধর্মী প্রমত্ত মনের খেয়ালের বশীভূত হইয়া বল্গাহীন ও আরোহীন ঘোটকের ন্যায় উচ্ছৃঙ্খলচিত্তে ইহজগতে নিজের ও পরের অনিষ্ট সাধন করিয়া জগজ্জঞ্জাল বৃদ্ধি করে। তাই নিখিল শাস্ত্র, নিঃশ্রেয়সপ্রার্থী সকলকেই সদ্গুরু-পাদপদ্মাশ্রয়ে দিব্যজ্ঞান-লাভের জন্য উপদেশ দিয়া থাকেন। শ্রীগুরুদেব আমাদের দুর্দ্দান্ত কামবৃত্তিগুলিকে কঠিন বিধিরূপ বল্গা দ্বারা নিয়ন্ত্রিত করিয়া আমাদিগকে আমাদের ও বিশ্বের মঙ্গলের পথে চালিত করেন। ভ্রম, প্রমাদ, করণাপাটব ও বিপ্রলিপ্সাদি দোষচতুষ্টয়যুক্ত বদ্ধজীব আমরা; অন্ধের ন্যায় নিজের মঙ্গলপথ নিজে দেখিতে পাই না, সুতরাং চক্ষুষ্মান্ মহাত্মার আনুগত্যের আবশ্যক আছে।

দীক্ষা দ্বিবিধা—(১) বৈদিকী, (২) বেদানুগা। যোগ্যজ্ঞানে সংস্কৃত দ্বিজের দীক্ষা 'বৈদিকী'। ব্রহ্মযামল বলেন, কলিকালে বৈদিকী দীক্ষার সম্ভাবনা নাই।

"অশুদ্ধাঃ শূদ্রাকল্পা হি ব্রাহ্মণাঃ কলিসম্ভবাঃ।
তেষামাগম-মার্গেন শুদ্ধির্ন শ্রৌতবর্ত্মনা।।

কলিকালে ব্রাহ্মণগণের যোগ্যতার অভাবনিবন্ধন আগমমার্গ দ্বারাই তাঁহাদের শুদ্ধি হইয়া থাকে।

বেদানুগা দীক্ষা দ্বিবিধা—(ক) পৌরাণিকী ও (খ) পাঞ্চরাত্রিকী। অযোগ্য ব্যক্তিকে অধিকারী জ্ঞানে "পৌরাণিকী দীক্ষা" প্রদত্ত হয় এবং অনধিকারী বিচারে ভাবি-যোগ্যতা লাভে উদ্দেশ্যে "পাঞ্চরাত্রিকী দীক্ষা" প্রদত্ত হয়। এই পাঞ্চরাত্রিকী দীক্ষাই কলিকালে মহাজনগণের অনুমোদিত। ইহাতে জীবমাত্রেরই অধিকার আছে। অনধিকারী ব্যক্তি এই পাঞ্চরাত্রিকী দীক্ষা দ্বারাই কলিকালে দ্বিজত্ব প্রাপ্ত হইয়া শ্রীবিষ্ণুর আরাধনার যোগ্যতা লাভ করেন। শ্রীহরিভক্তিবিলাস দীক্ষার অনুকূলে আগমবিধির কথাই সমর্থন করেন।

"যথা কাঞ্চনতাং যাতি কাংস্যং রসবিধানতঃ।
তথা দীক্ষাবিধানেন দ্বিজত্বং জায়তে নৃণাম্।।"

যেরূপ কোন বিশেষ রাসায়নিক প্রক্রিয়া দ্বারা কাঁসা স্বর্ণত্ব লাভ করে, তদ্রূপ (বৈষ্ণবী) দীক্ষা বিধানের দ্বারা নরমাত্রেরই বিপ্রতা সাধিত হয়।

দীক্ষাবিধানের অন্তর্গত প্রণালীর মধ্যেই বৈদিক উপনয়ন সংস্কার অন্তর্নিহিত থাকে। দীক্ষাকালেই অনধিকারী মানবের দ্বিজত্ব সিদ্ধ হয়। দীক্ষা সমাপ্ত হইলে আর তাঁহার মধ্যকালীয় মৌঞ্জিবন্ধনাদি অনুষ্ঠান অবশিষ্ট থাকে না।

(নারদ-পঞ্চরাত্র ভরদ্বাজ সংহিতায় ২/২৪)

স্বয়ং ব্রহ্মাণি নিক্ষিপ্তান জাতানেব হি মন্ত্রতঃ।
বিনীতানথ পুত্রাদীন্ সংস্কৃত্য প্রতিবোধয়েৎ।।

বৈষ্ণব স্মৃতিও সমাজ স্থাপন উদ্দেশ্যে। সেইজন্য শ্রীল গোপাল ভট্ট গোস্বামীকৃত সৎক্রিয়াসারদীপিকা গ্রন্থে দীক্ষা গ্রহণান্তর উপবীত গ্রহণের ব্যবস্থা পরিদৃষ্ট হয়। সংসার সমুদ্র হইতে উত্তীর্ণ হইবার তীব্র বাসনা সৌভাগ্যক্রমে যাঁহাদের হৃদয়ে জাগিয়াছে, তাঁহারা ব্যবহারিক জগতে কতকগুলি লৌকিক আচার ব্যবহারের মধ্যে আবদ্ধ না থাকিয়া ভাগবত-ধর্ম অনুশীলন করেন। ভগবান অজ্ঞজনগণেরও অনায়াসে আত্মজ্ঞান লাভের জন্য যে সকল উপায় নিরূপণ করিয়াছেন তাহাই ভাগবতধর্ম।

নব যোগেন্দ্রের অন্যতম কবি—মহারাজ নিমির "আত্যন্তিক ক্ষেম কি?'—এই প্রশ্নের উত্তর প্রদানকালে বলেন,—"হে রাজন্, এই সংসারে পাঞ্চভৌতিক-দেহাদি অসৎ-পদার্থে আত্মবুদ্ধি নিবন্ধন নিরন্তর ত্রিতাপসন্ত্রস্ত মানবগণের পক্ষে ভগবান শ্রীহরির চরণকমলের আরাধনাই সর্ব্বভয়-বিনাশন বলিয়া মনে করি।"

বাস্তব-সত্য পরমেশ্বর-বস্তু অপরিচ্ছন্ন। দ্বিতীয়াভিনিবেশ হইতে 'ভয়' নামক বৃত্তিটি অনাত্ম-প্রতীতিতে সেবোন্মুখতারহিত জনগণের চিত্ত উদিত হয়। অকুতোভয় ভগবতপাদপদ্ম-সেবনে কোন প্রকার ভীতির কারণ নাই। যাহারা ভগবত-সেবাবিমুখ হইয়া অনিত্য ভোগ-পিপাসায় রত, তাহাদের চাঞ্চল্য নিত্যত্বের ব্যাঘাত করে। দেহ, গেহ, কুটুম্ব প্রভৃতিতে আসক্ত হইয়া যে নশ্বর ভোগ প্রভৃতি বদ্ধজীবকে উদ্বেগ প্রদান করে, কৃষ্ণানুশীলনে ঐ সকল অমঙ্গল সর্ব্বতোভাবে বিনষ্ট হয়।

"ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ
স্যাদীশাদপেতস্য বিপর্য্যয়োঽস্মৃতিঃ।
তন্মায়য়াতো বুধ আভজেত্তং
ভক্ত্যৈকয়েশং গুরুদেবতাত্মা।"

যে ব্যক্তি ভগবানের প্রতি বিমুখ হয়, ভগবানের মায়াবলে তাহারই স্বরূপ বিষয়ে বিস্মৃতি ঘটিয়া থাকে এবং তাহা হইলে 'আমি দেহ' এইরূপ বুদ্ধিবিপর্যয়, তাহা হইতে দ্বিতীয়াভিনিবেশ অর্থাৎ উপাধিভূত দেহেন্দ্রিয়াদিতে অহঙ্কার ও তাহা হইতে যাবতীয় ভয়ের উপস্থিত হয়ে থাকে; সুতরাং বিবেকী ব্যক্তি গুরুদেবকে আরাধ্যদেবতা ও প্রিয়তমজ্ঞানে কামনা রহিত হইয়া অনন্যভক্তিসহকারে সেই ভগবানকে আরাধনা করিবেন। হরি-বিমুখজনের ভগবন্মায়া দ্বারাই আত্মভিন্ন স্থূলদেহে আত্মবুদ্ধিরূপ বিপর্যয়, স্থূলদেহে আত্মবুদ্ধিরূপ স্মৃতিভ্রংশ হইয়া থাকে। অবয়জ্ঞান হইতে পৃথক হইয়া দ্বিতীয়-অভিনিবেশক্রমে ভেদবুদ্ধি হইতে ভয়ের উৎপত্তি হয়। এইজন্য শ্রীগুরুপাদপদ্ম হইতে অপ্রাকৃত দিব্যজ্ঞানলব্ধ শিষ্য মিশ্রভক্তি বর্জন করিয়া অব্যভিচারিণী ভক্তিকে অভিধেয় জানিয়া সেই শ্রীভগবানের ভজন করিবেন। গুরুদেবতাত্মা শব্দে গুরুই দেবতা বা ঈশ্বর এবং আত্মা অর্থাৎ প্রেষ্ঠ যাহার, তাদৃশ্য শিষ্যকে বুঝায়। মায়া- প্রভাবেই অস্মৃতি অর্থাৎ স্বরূপের অস্ফূর্তি ঘটে। তৎপরে বিপর্যয় অর্থাৎ 'দেহই আমি' এইরূপ বুদ্ধি হয়। তৎপরে আত্মব্যতীত দেহ-জ্ঞান হইতেই ভয় হয়। কেবল বা শুদ্ধভক্তিই আশ্রয়নীয়া। অদ্বয়জ্ঞান ব্রজেন্দ্রনন্দনের প্রিয়তম শ্রীগুরুদেবের পাদপদ্ম লাভকারী জনগণের কেবলা-ভক্তি মায়ার আবরণী ও বিক্ষেপাত্মিকা বৃত্তিদ্বয় হইতে মুক্ত করাইয়া শ্রীরাধা-মাধবের সেবার অধিকার প্রদান করেন।

বেদে শ্রোত্রিয় ও ব্রহ্মনিষ্ঠকেই বৃত্তিদ্বয় সদ্গুরু বলা হইয়াছে। শব্দব্রহ্মনিষ্ণাত ব্যক্তিই সদ্গুরু। নিরস্ত-কুহক সত্য কোন অজ্ঞান দ্বারা আবৃত নহে। সেই নিরস্ত-কুহক বাস্তবসত্য শ্রীকৃষ্ণ হইতে ব্রহ্মার হৃদয়ে অভিব্যক্ত হইয়াছিল।

"প্রচোদিতা যেন পুরা সরস্বতী।
বিতন্বতাজস্য সতীং স্মৃতিং হৃদি॥

স্বলক্ষণা প্রাদুরভূৎ কিলাস্যতঃ
স মে ঋষিণামৃষভঃ প্রসীদতাম্॥" (ভাঃ ২/৪/২২)

পূর্ব্বে ব্রহ্মা জন্মিলেন নাভিপদ্ম হৈতে।
তথাপিও শক্তি নাই কিছুই দেখিতে॥

তবে যবে সর্বভাবে লইলা শরণ।
তবে প্রভু কৃপায় দিলেন দরশন॥

তবে কৃষ্ণ-কৃপায় স্ফুরিল সরস্বতী।
তবে সে জানিলা সর্ব অবতার স্থিতি॥ (চৈঃ ভাঃ)

ব্রহ্মার বেদময়তনু, তাঁহার ব্যক্তস্বরূপ—বৈখরী, অব্যক্তস্বরূপ—প্রণব। তাঁহার শব্দব্রহ্মময় নিত্যস্বরূপ। তিনি বাস্তব সত্য-ভূমিকায় নিত্য-প্রতিষ্ঠিত। তিনি শ্রীকৃষ্ণ হইতে প্রাপ্ত সেই অবিসংবাদিত সত্য নারদকে প্রদান করেন। দেবর্ষি শ্রীনারদ উহাই শ্রীকৃষ্ণদ্বৈপায়নকে দিয়াছিলেন। শ্রীব্যাস তাহা বৃদ্ধ তত্ত্ববাদাচার্য শ্রীআনন্দতীর্থকে দান করেন। ইঁহার অষ্টাদশ আধস্তনিক পরিচয়ে শ্রীগৌরসুন্দর তাঁহার নিজজনগণের সায়ত্তীকৃত ধনরূপে তাহাই প্রপঞ্চে প্রকট করিয়াছেন। প্রপঞ্চে কোন অজ্ঞান আবরণই তাহাকে পরিবর্তিত বা পরিবর্জিত করিতে পারে না। ইহাই অবরোহবাদ বা শিষ্যপারম্পর্য-ক্রম। যেখানে ইহার বিপরীত-ক্রমে গুরু নির্ণীত, সেইখানেই মর্ত্ত্যবুদ্ধিতে শ্রীগুরুদেবের প্রতি অসূয়া লক্ষিত হয়। যেখানে শ্রীগুরুর প্রসাদই শ্রীকৃষ্ণের অনুগ্রহ, সেইখানেই

ভক্তিলতাবীজ দৃষ্ট হয়। অভক্তগণ বিষ্ণুমায়ায় প্রতারিত হইয়া ভজনীয় বস্তু বিষ্ণুকে ও বিষ্ণুভক্তিকে প্রাকৃত জ্ঞান করে। "প্রাকৃত করিয়া মানে বিষ্ণুকলেবর। বিষ্ণুনিন্দা নাহি আর ইহার উপর।। (চৈঃ চঃ)

শ্রীহরি-গুরু-বৈষ্ণব অপ্রাকৃত-বস্তু। প্রাকৃত বুদ্ধি দ্বারা অপ্রাকৃত শ্রীগুরুপাদপদ্মের মহিমা অবগত হওয়া যায় না। অপ্রাকৃত বস্তু নহে প্রাকৃত গোচর।" অপ্রাকৃত শ্রীগুরুপাদপদ্মে বিশ্বাস স্থাপন করিতে না পারায় তাহারা বাস্তব সত্যের সন্ধান পায় না। ইহারা আরোহবাদী। আরোহবাদীর ইন্দ্রিয়গুলি ভ্রম, প্রমাদ, করণাপাটব ও বিপ্রলিপ্সা দোষ-চতুষ্টয়ে সর্বদাই দূষিত। বেদময়তনু ব্রহ্মার নিকট হইতে প্রাপ্ত শব্দব্রহ্ম বা সরস্বতীর দ্বারা আমাদের গুরুবর্গের হৃদয়ে নিত্য প্রবাহিত। তাঁহারা জয়যুক্ত হউন!!

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

অর্চ্চন-বিধি

সদ্‌গুরু কর্ত্তৃক পাঞ্চরাত্রিক বিধানে দীক্ষিত ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্য-শূদ্র-সঙ্কর-অন্তজাদি ব্যক্তিমাত্রেরই স্ত্রী-পুরুষ নির্ব্বিশেষে শ্রীবিষ্ণুযজ্ঞে (শ্রীবিগ্রহ বা শালগ্রাম-অর্চ্চনে) অধিকার আছে। সদ্‌গুরুর নিকট পাঞ্চরাত্রিক দীক্ষায় দীক্ষিত ব্যক্তিমাত্রের শাস্ত্রানুসারে দ্বিজত্ব (পারমার্থিক ব্রাহ্মণত্ব) লাভ হয়। এতাদৃশ ব্যক্তিমাত্রেই বৈষ্ণব এবং বিষ্ণুপূজায় প্রকৃত অধিকারী। অদীক্ষিত ব্যক্তির শ্রীবিষ্ণুপূজায় অধিকার নাই। অসদ্‌গুরুর নিকট দীক্ষিত ব্যক্তিও শ্রীবিষ্ণুযজ্ঞে অধিকারী নহে। ‘‘দীক্ষিত গৃহস্থ অর্থ বাঁচাইবার উদ্দেশ্যে অর্চ্চন না করিলে তাঁহার ‘বিত্তশাঠ্য দোষ’ হয়। কদর্য্য স্বভাব বিক্ষিপ্তমতি গৃহস্থগণের পক্ষে অর্চ্চন বিশেষ আবশ্যক।’’

অর্চ্চন ও ভজন ঃ সম্ভ্রমজ্ঞানের সহিত বিবিধ উপাচারে শ্রীভগবদ্-বিগ্রহের সেবার নাম ‘অর্চ্চন’। কনিষ্ঠাধিকারে অর্চ্চনের বিধান আছে। উচ্চাধিকারেই ভজন সম্ভব। ভজনে অচিদ্‌বিচাররূপ জড় উপচারের ও জড়ভোগ্য ভাবের স্পর্শ নাই। ভজনে স্থূল ও সূক্ষ্ম উপাধিদ্বয় হইতে মুক্ত, স্বরূপসিদ্ধ জীবাত্মা অধোক্ষজ শ্রীভগবানের সাক্ষাৎ সেবা সম্বন্ধে অবস্থিত। ভজনানন্দী ভাগবতগণ সাধারণতঃ শ্রীনাম-সেবাপরায়ণ। কনিষ্ঠাধিকারে অর্চ্চন—স্থূল-সূক্ষ্ম উপাধিদ্বয়ের অর্থাৎ দেহ ও মনের সম্বন্ধ বিজড়িত। সেখানে প্রপঞ্চে আগত চিন্ময় শ্রীভগবদ্-বিগ্রহের (অর্চ্চা-মূর্ত্তি) সেবার সহিত বদ্ধজীবের বিকারি দেহ-মনের সম্বন্ধ বিদ্যমান। অর্চ্চন নববিধা ভক্তির অঙ্গবিশেষ। অতএব অর্চ্চন ভজনাঙ্গ।

কৃষ্ণমন্ত্র হইতে হবে সংসার মোচন।
কৃষ্ণনাম হইতে পারে কৃষ্ণের চরণ॥

অর্চ্চনে নানা উপকরণ ও অনুষ্ঠানের বিধান থাকিলেও শ্রীভগবন্মন্ত্রেরই প্রাধান্য রহিয়াছে। মন্ত্রহীন অর্চ্চন হয় না। মন্ত্রে আবার উপাস্য শ্রীভগবানের নামই মুখ্যবস্তু। শ্রীনামের দ্বারা অর্চ্চার পূজা হয়, সুতরাং শ্রীভগবন্নাম-কীর্ত্তন অর্চ্চনের মুখ্যাঙ্গ ও প্রাণ। কলিকালে কীর্ত্তনাখ্যা ভক্তির সহযোগ ব্যতীত অন্য কোন ভক্ত্যঙ্গের অনুষ্ঠান বিহিত নহে। সর্ব্বপ্রকার পূজাপেক্ষা শ্রীনাম সংকীর্ত্তনই শ্রেষ্ঠ। সেইজন্য ভজনানন্দী ব্যক্তিমাত্রেই শ্রীনাম-সেবাপরায়ণ।

শ্রীমূর্ত্তিপূজা এবং পৌত্তলিকতা

শ্রীমূর্ত্তিপূজা ও পৌত্তলিকতার মধ্যে ভেদ বর্ত্তমান। বদ্ধ-জীবের মনঃকল্পিত চিত্র বা পুতুল পূজামাত্রেই পৌত্তলিকতা। পরন্তু মুক্ত বা সিদ্ধ মহাপুরুষগণের বিমলচিত্তে শ্রীহরি তাঁহাদের উপাসনায় সন্তুষ্ট হইয়া যে বিশুদ্ধসত্ত্বময় সচ্চিদানন্দ-বিগ্রহ প্রকট করেন, তাঁহার পূজা পুতুল পূজা নহে। এই সকল মহাপুরুষগণের নিকট হইতে আম্নায় পরম্পরায় প্রাপ্ত শ্রীবিগ্রহপূজা বা শ্রীমূর্ত্তিপূজা সাক্ষাৎ শ্রীভগবৎপূজা। শ্রীকৃষ্ণের অর্চ্চমূর্ত্তি সাক্ষাৎ ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ। স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ গোলোক-বৃন্দাবনে নিত্যকাল স্ব-স্বরূপে বিরাজমান। প্রপঞ্চে তিনি প্রকটকালে স্বরূপ প্রদর্শন করেন এবং অপ্রকটকালে অর্চ্চা ও নাম-রূপে নিত্য বিরাজমান থাকেন। শ্রীভগবানের এই অর্চ্চাবিগ্রহ তাঁহার নিত্য-স্বরূপ ও প্রকট স্বরূপ হইতে কিছুমাত্র ভিন্ন নহে। কেবল লীলাগত বিচিত্রতা আছে। এই অর্চ্চামূর্তি অষ্ট প্রকার। যথা—

শৈলী দারুময়ী লৌহী লেপ্যা লেখ্যা চ সৈকতী।
মনোময়ী মণিময়ী প্রতিমাষ্টবিধা স্মৃতা॥

শুদ্ধভক্তগণের শ্রীমূর্ত্তিপূজা সাক্ষাৎ ভগবৎপূজা হওয়া নিবন্ধন জপাঙ্গ পূজার ন্যায় আবাহন প্রাণায়াম-ন্যাসাদি ও বিবিধ মুদ্রা প্রভৃতির আবশ্যক হয় না। মন্ত্রসিদ্ধির উদ্দেশ্যে যে অর্চ্চন তাহা জপাঙ্গ, পরন্তু শ্রীরূপানুগ শুদ্ধভক্তগণের অর্চ্চন—ভক্ত্যঙ্গ, অর্থাৎ ভগবৎ-সেবার অঙ্গ -স্বরূপ। ভক্ত্যঙ্গ-পূজা দুই প্রকার (১) গৃহস্থগণের নিজগৃহে শ্রীভগবানের 'ভাবসেবা' এবং (২) শ্রীভগবৎসেবা প্রকাশের উদ্দেশ্য স্বতন্ত্র দেবালয়ে (যথা মঠাদিতে) প্রতিষ্ঠিত প্রাচীন বা আধুনিক 'রাজ-সেবা'। রাজসেবায় নিত্যপূজা অবশ্য কর্ত্তব্য। অকরণে প্রত্যবায় আছে। ব্রতোপবাস-দিনেও অপর দিনের ন্যায় ভোগাদি দিতে হইবে। অন্নভোগ দিলে তাহা পরদিবস গ্রহণ করিবেন অথবা জলে বিসর্জ্জন দিবেন। গৃহস্থ ও যতি উভয়ে রাজসেবায় ও ভাবসেবায় নিজ পরিজন, বৈষ্ণব ও অভ্যাগতাদির প্রয়োজন বিচারে শ্রীভগবানকে নিবেদনযোগ্য অন্নের পরিমাণ অধিক বা অল্প করিতে পারেন। যখন যাহা নিজের গ্রহণযোগ্য, তখন সেই সমস্ত দ্রব্য শ্রীভগবানকে অর্পণ করা যাইতে পারে। সেবাপরাধ, নামাপরাধ ও ধামাপরাধ বর্জ্জন বিষয়ে সকলেরই দৃষ্টি রাখা আবশ্যক। শাস্ত্রোক্ত এই সকল অপরাধের তালিকা পরে দেওয়া হইয়াছে।

পঞ্চাঙ্গ অর্চ্চন ঃ অর্চ্চনের পাঁচটি অঙ্গ (১) অভিগমন, (২) উপাদান, (৩) যোগ, (৪) ইজ্যা, (৫) স্বাধ্যায়।

(১) অভিগমন - শ্রীভগবন্মন্দিরাদি মার্জ্জন, উপলেপন নির্মাল্য দূরীকরণ প্রভৃতি।

(২) উপাদান অর্থাৎ গন্ধ-পুষ্পাদি বিবিধ সেবোপকরণ সংগ্রহ।

(৩) যোগ—জড় দেহমনের অতীত শুদ্ধ চিন্ময় আত্মস্বরূপে অপ্রাকৃত ধামে শ্রীকৃষ্ণের নিত্যদাসরূপে নিজেকে ভাবনা করা।

(৪) ইজ্যা—নিজ উপাস্য দেবতার বিবিধ সেবা।

(৫) স্বাধ্যায়—মন্ত্র ও নামের অর্থ চিন্তাপূর্ব্বক জপ-কীর্ত্তন,

সূক্তস্তোত্রাদি পাঠ, শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তন, গীতা, ভাগবত প্রভৃতি সৎসিদ্ধান্তপূর্ণ শাস্ত্রাদি আলোচনা।

এই পঞ্চাঙ্গ অর্চ্চনের দ্বারা শ্রীবিষ্ণুযজ্ঞ সম্পাদিত হয়। শ্রীবিষ্ণুযজ্ঞ শব্দের দ্বারা ব্রাহ্মমুহূর্ত্তে মঙ্গলারতি হইতে আরম্ভ করিয়া রাত্রিতে শয়ন-পুষ্পাঞ্জলি পর্যন্ত শ্রীভগবানের যাবতীয় সেবাকার্য নির্দিষ্ট হয়। শ্রীবিষ্ণুযজ্ঞ নিত্য ও বিশুদ্ধ, সুতরাং সৎ শব্দবাচ্য। ইহা অনিত্য, অশুদ্ধ ও জড় কর্মমাত্র নহে।

নিত্য-কৃত্য

ব্রাহ্মমুহূর্ত্তে ঃ রাত্রি শেষভাগে সূর্যোদয়ের পূর্ব পর্যন্ত দুই মুহূর্ত্ত (চারিদণ্ড বা এক ঘণ্টা ছত্রিশ মিনিট)—অরুণোদয়কাল। এই চারিদণ্ডকে প্রাতঃকাল মধ্যে গণিত করা হয়। এই চারিদণ্ডের প্রথম মুহূর্ত্ত (দুই দণ্ড বা আটচল্লিশ মিনিট)—ব্রাহ্মমুহূর্ত্ত। এই ব্রাহ্মমুহূর্ত্তে শ্রীগুরু গৌরাঙ্গ , শ্রীরাধাশ্যামসুন্দরের জয়গানপূর্ব্বক গাত্রোত্থান করা কর্ত্তব্য। তৎপরে শৌচাদি প্রাতঃকৃত সমাপনান্তে আচমনপূর্ব্বক শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রীরাধাশ্যামসুন্দরকে বিজ্ঞপ্তি দ্বারা নিজের সমস্ত কর্মসমর্পণপূর্বক সাষ্টাঙ্গ প্রণাম করিবে।

অনন্তর গোপীচন্দন অথবা শ্রীবিষ্ণুচরণামৃতের দ্বারা নিম্নলিখিত মন্ত্রে দ্বাদশাঙ্গে তিলক ধারণ করিবে।

তিলকধারণ মন্ত্র

ললাটে কেশবং ধ্যায়েৎ, নারায়ণমথোদরে।
বক্ষঃস্থলে মাধবং তু, গোবিন্দং কণ্ঠকূপকে।।
বিষ্ণুঞ্চো দক্ষিণে কুক্ষৌ, বাহৌ চ মধুসূদনম্।
ত্রিবিক্রমং কন্ধরে তু, বামনং বামপার্শ্বকে।।

শ্রীধরং বামবাহৌ তু, হৃষিকেশঞ্চঃ কন্ধরে।
পৃষ্ঠে তু, পদ্মনাভঞ্চ কট্যাং দামোদরং ন্যস্যেৎ।।
তৎপ্রক্ষালনতোয়ন্তু বাসুদেবায় মুর্দ্ধনি।

অস্যার্থ ঃ

প্রয়োগবিধি যথা—(১ ললাটে) কেশবায় নমঃ, (২ উদরে) নারায়ণায় নমঃ, (৩ বক্ষঃস্থলে) মাধবায় নমঃ, (৪ কণ্ঠে) গোবিন্দায় নমঃ, (৫ দক্ষিণ পার্শ্বে) বিষ্ণবে নমঃ, (৬ দক্ষিণ বাহুতে) মধুসূদনায় নমঃ, (৭ দক্ষিণ স্কন্ধে) ত্রিবিক্রমায় নমঃ, (৮ বাম পার্শ্বে) বামনায় নমঃ, (৯ বাম বাহুতে) শ্রীধরায় নমঃ, (১০ বাম স্কন্ধে) হৃষিকেশায় নমঃ, (১১ পৃষ্ঠে) পদ্মনাভায় নমঃ, (১২ কটিতে) দামোদরায় নমঃ। বামহস্তের অবশেষ ধুইয়া ঐ জল 'বাসুদেবায় নমঃ' বলিয়া মস্তকে দিবে।

তিলক করিবার পর নিম্নলিখিত মন্ত্রে আচমন করিবে।

আচমন মন্ত্র

ওঁ কেশবায় নমঃ, ওঁ নারায়ণায় নমঃ, ওঁ মাধবায় নমঃ,—এই তিন মন্ত্রে তিনবার আচমন করিবে, তৎপরে "ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং, সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্" মন্ত্র পাঠ করিবে।

অতঃপর "সন্ধ্যা" করিবে। মন্দিরের বাহিরে বসিয়া ব্রহ্মগায়ত্রী (পুরুষের পক্ষে), গুরুমন্ত্র, গুরুগায়ত্রী, গৌরমন্ত্র, গৌর-গায়ত্রী, কৃষ্ণমন্ত্র, কাম-গায়ত্রী, অন্ততঃপক্ষে দশবার জপ করিবে। তৎপরে পঞ্চতত্ত্ব ও কৃষ্ণনাম কীর্ত্তন করিতে করিতে অন্তরে দাস্যভাবে আত্মসমর্পণের ভাব লইয়া পূর্বোক্ত "অভিগমনঅঙ্গ" সাধন করিবে। মন্দিরের অভ্যন্তরে জপ, হোম ও নমস্কার করিবে না।

১। অভিগমন

শ্রীভগবৎ-প্রবোধন ঃ ভগবন্মন্দিরে যাইয়া (কিন্তু গর্ভমন্দিরে প্রবেশ না করিয়া) ঘণ্টাদি বাদনপূর্বক, নিম্নলিখিত মন্ত্রাদি দ্বারা শ্রীকৃষ্ণকে জাগাইতে হইবে।

জাগরণ মন্ত্র—

যোঽসৌ অদভ্রকরুণা ভগবান বিবৃদ্ধ-
প্রেমস্মিতেন নয়নাম্বুরুহং বিজৃম্ভন্।
উত্থায় বিশ্ববিজয়ায় চ নো বিষাদং
মাধ্যা গিরাপনয়তাৎ পুরুষঃ পুরাণঃ।।
দেব প্রপন্নার্ত্তিহর প্রসাদং কুরু কেশব।
অবলোকনদানেন ভুয়ো মাং পারয়াচ্যুত।।
জয় জয় কৃপাময় জগতের নাথ।
সর্ব্ব জগতের কর শুভ-দৃষ্টিপাত।।

নির্ম্মাল্য অপসারণ ঃ তৎপরে তিনবার করতালি শব্দ করিয়া মন্দিরে প্রবেশপূর্ব্বক মহামন্ত্রাদি কীর্ত্তন করিতে করিতে তুলসী ব্যতীত অপর নির্ম্মাল্য সকল অপসারণ করিবে এবং সিংহাসন পরিষ্কার করিয়া দিবে। জল দ্বারা শ্রীমন্দির মার্জ্জন করিবে। **তারপর** ভগবৎ-সেবার পাত্রাদি, শ্রীভগবানের বস্ত্র ও আসনাদি **পরিষ্কার করিবে**।

শ্রীমুখ প্রক্ষালন ঃ অতঃপর শ্রীভগবানের মুখ প্রক্ষালন করাইয়া তুলসী অর্পণ করিবে। শ্রীকর, শ্রীচরণ শ্রীমুখকমল প্রক্ষালনের জন্য পিক্‌দানিতে কয়েকবার জল গণ্ডুষ দিয়া দন্তকাষ্ঠ ও জিভছোলা দিবে। পুনরায় জল ও মুছিবার গামছা দিবে। পরে তুলসী অর্পণ করিবে।

মঙ্গলারতি ঃ অতঃপর বাদ্যাদি সহিত মহামন্ত্র বা স্তবাদি কীর্ত্তন ও ঘণ্টাধ্বনি করিতে করিতে আরতি করিবে। শ্রীবিষ্ণুর পদতলে

চারিবার, নাভিদেশে দুইবার, মুখমণ্ডলে তিনবার, সর্বাঙ্গে সাতবার, মোট ষোলবার পরম শ্রদ্ধাসহকারে পঞ্চপ্রদীপ ঘুরাইবে। শ্রীকৃষ্ণের মূলমন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি দিয়া যথাক্রমে (১) ধূপ, (২) সজল শঙ্খ, (৩) বস্ত্র, (৪) পুষ্প, (৫) দীপ, (৬) চামর, (৭) ব্যজনাদি দ্বারা নীরাজন করিবে। কিন্তু বাসি ফুল সেবায় দেওয়া অনুচিত বলিয়া মঙ্গলারাত্রিতে সদ্য ফুলের অভাবে পুষ্পাঞ্জলি দিবে না। পুষ্প কেবল চরণের উদ্দেশ্যে ঘুরাইবার বিধি। নীরাজনের প্রত্যেকটি দ্রব্য মূলমন্ত্রে শ্রীকৃষ্ণে নিবেদন করিয়া নীরাজন করিবে। ধূপে কস্তুরী ভিন্ন অন্য কোন জীবজাত দ্রব্যের ব্যবহার নিষিদ্ধ। ধূপের পাত্রটি ভগবানের নাভির উপর উঠাইতে নাই।

বাল্যভোগ ঃ অতঃপর বাল্যভোগ নিবেদন করিবে। (নিয়ম পরে দ্রষ্টব্য) নৈবেদ্যের সহিত পানীয় জলও দিতে হয়। পরে বাহিরে আসিয়া মূলমন্ত্র জপ করিবে। কিছুক্ষণ পরে হাততালি দিয়া গৃহে প্রবেশ করিয়া ঠাকুরকে আচমন দিয়া মুখ মুছাইয়া ভগবৎপ্রসাদ বিশ্বকসেন, গুরুদেব, ব্রজবাসীগণ, সর্বসখী ও সর্ববৈষ্ণবকে নিবেদন করিতে হয়। অতঃপর ভগবৎসেবার পাত্রাদি মার্জ্জনপূর্ব্বক গন্ধ-পুষ্পাদি সংগ্রহ করিবে।

২। উপাদান

পূর্ব্বাহ্নে ঃ প্রাতঃস্নানে অসমর্থ ব্যক্তি পূর্ব্বাহ্নে গঙ্গাস্নান কিংবা নিম্নলিখিত মন্ত্রে স্নানান্তে কেশ প্রসাধন করিয়া সপ্রণবগায়ত্রী স্মরণপূর্বক 'শিখা বন্ধন' করিবে।

জলশুদ্ধি ঃ "গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতী।
নর্ম্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধং কুরু।।"

অথবা গঙ্গার দ্বাদশ নামে আবাহন—

"নলিনী নন্দিনী সীতা মালিনী চ মহাপগা।
বিষ্ণুপাদার্ঘসম্ভূতা গঙ্গা ত্রিপথগামমিনী।
ভাগীরথী ভোগবতী জাহ্নবী ত্রিদশেশ্বরী॥"

অতঃপর পুনরায় তিলক করিয়া শ্রীগুরু-গৌরাঙ্গ শ্রীরাধাশ্যামসুন্দরকে প্রণামপূর্বক পূর্বোক্ত "উপাদান অঙ্গ" সাধনে ব্রতী হইবে। স্নানান্তে পূজার জন্য তুলসী ও পুষ্পাদি যথাবিধি চয়ন করিবে।

শুষ্ক, দলিত, পর্যুসিত (বাসি), ভূপতিত, কীটযুক্ত, কেশদুষ্ট, গন্ধহীন, উৎকট গন্ধযুক্ত, পুষ্পকলিকা, যে পুষ্প হস্তে লইয়া প্রণাম করা হইয়াছে, অপবিত্র দ্রব্য সংশ্লিষ্ট, অপ্রোক্ষিত (অধৌত) আঘ্রাত, অধোবস্ত্রে গৃহীত, শ্মশানাদি, অপবিত্র স্থানে উৎপন্ন। এইরূপ ফুলে কখনও অর্চন করা কর্তব্য নহে। সুগন্ধি ও শুভ্র ফুলই প্রশস্ত। পুষ্প অভাবে শুধু জল দ্বারা অর্চন করিবে।

ফুলশুদ্ধি মন্ত্র ঃ "পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে॥
পুষ্পচয়াবকীর্ণে চ হুং ফট্ স্বাহা॥"

পুজোপকরণ দ্রব্যসমূহের মধ্যে কোন দ্রব্য নিতান্ত দুর্লভ হইলে সেই দ্রব্য মনে মনে ভাবনা করিয়া তৎস্থলে ফুল দিবে। মনে মনে সেই দ্রব্য চিন্তা করিয়া শুধু জল দ্বারাও উহার পূরণ হইতে পারে। ভক্তগণ যথালভ্য দ্রব্য এবং অভাবে ভাবনা দ্বারা অর্চ্চন করিবে, কিন্তু বিত্তশাঠ্য বা কৃপণতা করিয়া কখনও উক্তরূপ অনুকল্প করিবে না।

শ্রীতুলসী-চয়ন মন্ত্র ঃ

ওঁ তুলস্যমৃতজন্মাসি সদা তং কেশবপ্রিয়ে।
কেশবার্থে চিনামি ত্বং বরাদভব শোভনে॥

(দ্বাদশী তিথিতে তুলসীচয়ন নিষিদ্ধ), পূর্ব দিবস তুলসী চয়ন করিয়া রাখিবে।

শ্রীতুলসীর স্নানমন্ত্র ঃ

ওঁ গোবিন্দবল্লভে দেবি ভক্তচৈতন্যকারিণীং।
স্নাপয়ামি জগদ্ধাত্রিং কৃষ্ণভক্তিপ্রদায়িনীং॥

শ্রীতুলসীপূজা মন্ত্র ঃ

নির্ম্মিতা ত্বং পুরা দেবৈঃ অর্চ্চিতা ত্বং সুরাসুরৈঃ।
তুলসী হর মেঽবিদ্যাং পূজাং গৃহ্ন নমোঽস্তুতে॥

(এই মন্ত্রে পুষ্প ও জল অথবা অভাবে কেবল জল দ্বারা তুলসীরাণীর পূজা করিবে। অর্চ্চনান্তেও উক্ত মন্ত্র পাঠান্তর তুলসীরাণীকে মহাপ্রসাদ নির্ম্মাল্যাদি প্রদান করিতে হয়।)

তুলসী অর্ঘ্য মন্ত্র ঃ

শ্রিয়ঃ শ্রিয়ে শ্রিয়াবাসে নিত্যং শ্রীধরং সৎকৃতে।
ভক্ত্যা দত্তং ময়া দেবি অর্ঘং গৃহ্ন নমোঽস্তুতে॥
নির্মাল্য-গন্ধ-পুষ্পাদি-পানীয়জল ইদমর্ঘ্যং শ্রীতুলস্যৈ নমঃ।

তুলসী প্রণাম ঃ

ওঁ বৃন্দায়ৈ তুলসীদেব্যৈ প্রিয়ায়ৈ কেশবস্য চ।
কৃষ্ণভক্তিপ্রদে দেবি সত্যবত্যৈ নমো নমঃ॥

তুলসী স্তুতি ঃ

মহাপ্রসাদজননী সর্ব্বসৌভাগ্যবর্দ্ধিনী।
আধিব্যাধিহরা নিত্যং তুলসী তং নমোঽস্তুতে॥

অথ পূজা

অতঃপর অর্চ্চনার্থ শ্রীগুরুদেবের অনুজ্ঞা প্রার্থনা করিয়া ভগবৎ-মন্দিরে প্রবেশপূর্ব্বক শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্যামসুন্দরকে ভক্তিভরে প্রণাম করিয়া পূর্ব সংগৃহীত উপায়ন দ্বারা অর্চ্চন করিবে। প্রথমে শ্রীগুরুপূজা

পরে শ্রীগৌরাঙ্গ ও শ্রীরাধাকৃষ্ণ পূজার ব্যবস্থা। শ্রীনিত্যানন্দ বিগ্রহ থাকিলে—শ্রীগৌরপূজার পরে শ্রীগৌরাঙ্গ পূজা করিতে হইবে।

আসন শুদ্ধি ঃ প্রথমে আসন পাতিয়া 'ওঁ আধারশক্তয়ে নমঃ' এই মন্ত্রে আসনে পুষ্প দিবে এবং নিম্নোক্ত মন্ত্রে আসনের পূজা করিবে।

আসন পূজা ঃ "আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠ ঋষিঃ সুতলং ছন্দ কুর্ম্মো দেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ। পৃথ্বি ত্বয়া ধৃত লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা।"

পাত্রাদি স্থাপন ঃ আসনে উপবেশনপূর্ব্বক পূজার পাত্রাদি যথাস্থানে স্থাপন করিবে। পূজকের সম্মুখে বামধারে আধার (ত্রিপদী) সহিত শঙ্খ, পাদ্য, অর্ঘ, আচমনীয়, মধুপর্কের পাত্র; দক্ষিণধারে চন্দন, তুলসী, পুষ্পাদির পাত্র ও পঞ্চপ্রদীপ; বামদিকে বাদ্য শঙ্খ, ঘণ্টা, জলের কলসী বা ঘটি, ধূপ ও তৈলপ্রদীপ এবং অন্যান্য পাত্র পূজকের দৃষ্টিগোচরে যথাস্থানে; পশ্চাতে হস্তপ্রক্ষালনের নিমিত্ত পাত্র স্থাপন করিবে। প্রত্যেক পাত্রের উপর মূলমন্ত্র একবার করিয়া জপ করিবে।

বিশেষ দ্রষ্টব্য ঃ সংক্ষেপে অর্ঘ্য-দ্রব্য—গন্ধ, পুষ্প ও জল এই তিনটি। বিষ্ণুতত্ত্বের অর্ঘ্যে এই তিনটির সহিত তুলসী যোগ করিবে। এই সকল দ্রব্য অর্ঘ্যপাত্রে স্থাপন করিয়া অর্ঘ্য দিবে।

মধুপর্ক—গব্যঘৃত, গব্যদধি ও মধু—এই তিনটি সমপরিমাণে, মতান্তরে এই তিনটির সহিত গব্যদুগ্ধ ও চিনি—এই পাঁচটি। এই পাঁচটিতে পঞ্চামৃতও হয়। যে পাত্রে রাখিলে মধুপর্কের দ্রব্য বিকৃত হওয়ার সম্ভাবনা, সেরূপ পাত্রে রাখিবে না।

উক্ত দ্রব্য সকলের কোনটির অভাব হইলে তৎপরিবর্ত্তে সেই দ্রব্য ভাবনা করিয়া একটি পুষ্প বা তুলসী দিবে। তাহারও অভাবে শুধু জল দিবে।

ঘণ্টাশুদ্ধি

সর্ব্ববাদ্যময়ি ঘণ্টে দেবদেবস্য বল্লভে।
ত্বং বিনা নৈব সর্ব্বেষাং শুভং ভবতি শোভনে॥

শঙ্খশুদ্ধি

ত্বংপুরা সাগরোৎপন্নো বিষ্ণুনা বিধৃতঃ করে।
মানিতঃ সর্ব্বদেবৈশ্চ পাঞ্চজন্য নমোহস্তু তে॥
তব নাদেন জীমূতা বিত্রস্যন্তি সুরাসুরাঃ।।
শশাঙ্কযুত দীপ্তাভ পাঞ্চজন্য নমোহস্তু তে॥
গর্ভাদেবারি নারীণাং বিলয়ন্তে সহস্রধা।
তব নাদেন পাতালে পাঞ্চজন্য নমোহস্তু তে॥

ধূপদান মন্ত্র

বনস্পতিরসোৎপন্নো গন্ধাঢ্যো গন্ধ উত্তমঃ।
আঘ্রেয়ঃ সর্ব্বদেবানাং ধূপোহয়ং প্রতিগৃহ্যতাম্॥

দীপদান মন্ত্র

সুপ্রকাশো মহাতেজাঃ সর্ব্বতস্তিমিরাপহঃ।
সবাহ্যাভ্যন্তরজ্যোতির্দীপোহয়ং প্রতিগৃহ্যতাম্॥

তৎপরে 'ওঁ নমো দীপেশ্বরায়' মন্ত্রে দীপের উপর পুষ্পাঞ্জলি প্রদান।

স্বস্তিবাচন ও মঙ্গলবাচন—পূর্বোক্ত আচমন মন্ত্রে আচমনপূর্বক নিম্নলিখিত স্বস্তিবাচন ও মঙ্গলবাচন মন্ত্রদ্বয় হস্তে সগন্ধপুষ্প লইয়া পাঠ করিবে।

স্বস্তিবাচন মন্ত্র— ওঁ স্বস্তি নো গোবিন্দঃ স্বস্তিনোহচ্যুতানন্তৌ, স্বস্তি নো বাসুদেবো বিষ্ণুর্দধাতু। স্বস্তি নো নারায়ণো নরো বৈ, স্বস্তি নঃ পদ্মনাভঃ পুরুষোত্তমো দধাতু॥

স্বস্তি নো বিশ্বক্সেনো বিশ্বেশ্বরঃ
স্বস্তি নো হৃষীকেশ হরির্দধাতু।
স্বস্তি নো বৈনতেয়ো হরিঃ
স্বস্তি নো নোঽঞ্জনাসুতোঽনুর্ভাগবতো দধাতু।
স্বস্তি স্বস্তি সুমঙ্গলৈকেশো মহান,
শ্রীকৃষ্ণঃ, সচ্চিদানন্দঘনঃ সর্ব্বেশ্বরেশ্বরো দধাতু।।
করোতু স্বস্তি মে কৃষ্ণ সর্ব্বলোকেশ্বরেশ্বরঃ।
কার্ষ্ণদয়শ্চ কুর্ব্বন্তু স্বস্তি মে লোকপাবনাঃ।।
কৃষ্ণো মমৈব সর্ব্বত্র স্বস্তি কুর্য্যাৎ শ্রিয়া সমম্।
তথৈব চ সদা কার্ষ্ণিঃ সর্ব্ববিঘ্নবিনাশন।।
ওঁ হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে।।

মঙ্গলবাচন মন্ত্র ঃ

মঙ্গলং ভগবান বিষ্ণুর্মঙ্গলং মধুসুদনঃ।
মঙ্গলং হৃষিকেশোঽয়ং মঙ্গলায়তনো হরিঃ।
বিষ্ণুচ্চারণমাত্রেণ কৃষ্ণস্য স্মরণাদ্ধরেঃ।
সর্ব্ব বিঘ্নানি নশ্যন্তি মঙ্গলং স্যান্ন সংশয়ঃ।।

—বিহদ্বিষ্ণুপুরাণ

৩। যোগঅঙ্গ (ভূতশুদ্ধি)

জড় দেহমনের অতীত শুদ্ধ-চিন্ময় আত্মস্বরূপে অপ্রাকৃত ধামে শ্রীকৃষ্ণের তটস্থা শক্তি বা জীবশক্তি হইতে পরিণত বিভিন্নাংশ জীব

ও নিত্য কৃষ্ণদাসরূপে নিজেকে ভাবনা করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে।

নাহং বিপ্রো ন চ নরপতির্নাপি বৈশ্যো ন শূদ্রো
নাহং বর্ণী ন চ গৃহপতির্নো বনস্থো যতির্বা।
কিন্তু প্রোদ্যন্নিখিলপরমান্দপূর্ণামৃতাব্ধে-
র্গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাস-দাসানুদাসঃ ।।

অতঃপর নিম্নলিখিত ধ্যান মন্ত্র পাঠ করিয়া সেবাকার্যে আগ্রহান্বিত নিজ দেহকে শ্রীগুরুপাদপদ্মের নিকট অবস্থিত চিন্তা করিবে।

ধ্যান মন্ত্র

দিব্যং শ্রীহরিমন্দিরাঢ্যতিলকং, কণ্ঠং সুমালান্বিতং
বক্ষঃ শ্রীহরিনামবর্ণসুভগং, শ্রীখণ্ডলিপ্তং পুনঃ।
পূতং সূক্ষ্মং নবাম্বরং বিমলতাং, নিত্যং বহন্তীং তনুং
ধ্যায়েৎ শ্রীগুরুপাদপদ্ম নিকটে, সেবোৎসুকাঞ্চাত্মনঃ ।।

শ্রীগুরুবর্গকে প্রণাম—সিংহাসনে শ্রীভগবানের বামদিকে—ওঁ শ্রীগুরবে নমঃ, ওঁ শ্রীপরমগুরবে নমঃ, ওঁ শ্রীপরমেষ্ঠিগুরবে নমঃ, ওঁ শ্রীগুরু-পরম্পরায়ৈ নমঃ, ওঁ সর্ব্বগুরুত্তমায় শ্রীকৃষ্ণচৈতন্যায় নমঃ।

৪। ইজ্যা

আদৌ গুরুপূজা—"চিন্ময় শ্রীনবদ্বীপধামের মধ্যে শ্রীমায়াপুর। তথায় শ্রীযোগপীঠে রত্নমণ্ডপে শ্রীচৈতন্য মহাপ্রভু বসিয়া আছেন। তাঁহার দক্ষিণে শ্রীনিত্যানন্দ, বামে শ্রীগদাধর, সম্মুখে করজোড়ে শ্রীঅদ্বৈত, শ্রীবাস পণ্ডিত ছত্রধারণ করিয়া সম্মুখে দণ্ডায়মান। শ্রীগুরুদেব নিম্ন বেদীতে উপবিষ্ট।"—এইরূপ চিন্তা করিয়া শ্রীগুরুদেবের ধ্যানপূর্ব্বক তাঁহাকে ষোড়শ, দ্বাদশ, দশ বা পঞ্চ উপচারে পূজা করিবে।

ষোড়শ উপচার—আসন, স্বাগত, পাদ্য, অর্ঘ্য, আচমন, মধুপর্ক

(আচমন), স্নান, বস্ত্র, উপবীত, ভূষণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, (মালা) নমস্কার।

দ্বাদশ—আসন, পাদ্য, অর্ঘ্য, আচমন, মধুপর্ক, স্নান, বস্ত্র, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য।

দশ—পাদ্য, অর্ঘ্য, আচমন, মধুপর্ক, পুনরাচমন, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য।

পঞ্চ—গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য।

গুরুর ধ্যান— প্রাতঃ শ্রীমন্নবদ্বীপে দ্বিনেত্রং দ্বিভুজং গুরুম্।
বরাভয়প্রদং শান্তং স্মরেৎ তন্নামপূর্ব্বকম্।।

শ্রীগুরুদেবের জয়কীর্তন (৩ বার)

মানস-পূজা বা অন্তর্যাগ—যথা-সুখে (অর্থাৎ যতক্ষণে ও যত প্রকারে আত্মা ও মনের তৃপ্তি হয়) ধ্যান ও প্রার্থনা করিয়া সর্ব্ব উপচারে মানসে কল্পনাপূর্ব্বক সর্বাগ্রে মানস-পূজা কর্তব্য। এইরূপে শ্রীগুরুদেবের মানসপূজা করিবে।

(উক্তরূপে শ্রীগৌরাঙ্গের এবং শ্রীরাধাকৃষ্ণের ধ্যান ও মানস-পূজা করিতে হইবে। তাহা যথাস্থানে কর্ত্তব্য।)

বাহ্যোপচারে পূজা—মানস-পূজান্তে অনুজ্ঞা প্রার্থনা করিয়া বাহ্য উপচারে পূজা আরম্ভ করিবে।

শ্রীগুরুদেবের স্নান—স্নান স্থানে আহ্বান করিয়া স্নান করাইতেছি—এরূপ ভাবনাপূর্ব্বক স্নানীয় পাত্রে (দীক্ষাকালে শ্রীগুরুদেবের নিকট প্রাপ্ত গুরুমন্ত্রে) আসন-পাদ্য-আচমন নিবেদন করিয়া শ্রীগুরুদেবকে স্নান করাইবে। যেসকল মূর্ত্তিকে স্নান করাইবার বা বস্ত্রে মুছাইবার অসুবিধা আছে, তাঁহাদিগকে মানসে স্নান করাইতে হয়। শালগ্রাম বা অন্য শিলামূর্ত্তি থাকিলে গুরুপূজার পর পুরুষসূক্ত মন্ত্র পাঠ করিয়া ঘণ্টা ও শঙ্খধ্বনি

করিতে করিতে সুবাসিত জল, পঞ্চামৃত ও সর্ব্বৌষধি জলে তাঁহাদের স্নান করাইবার বিধি আছে।

শ্রীগুরুপূজা

"ইদং আসনং ঐং গুরবে নমঃ"—এই মন্ত্রে স্নান পাত্রমধ্যে আসনার্থ সচন্দন-পুষ্প স্থাপন করিবে।

প্রভো কৃপয়া স্বাগতং কুরু, ঐং গুরবে নমঃ—এই মন্ত্রে শ্রীগুরুদেবকে আসনে আহ্বান করিবে।

"এতৎ পাদ্যং ঐং গুরবে নমঃ"—এই মন্ত্রে কুশীতে করিয়া স্নানপাত্রে শ্রীগুরুপাদপদ্মে জল দিবে।

"ইদং আচমনীয়ং ঐং গুরবে নমঃ"—এই মন্ত্রে কুশীতে করিয়া আচমনার্থ জল বিসর্জ্জনীয় পাত্রে নিক্ষেপ করিবে।

তারপর ভাবনাদ্বারা গুরুদেবকে তৈল মাখাইয়া দিবে।

ইদং স্নানীয়ং ঐং গুরবে নমঃ

এই মন্ত্রে জলশঙ্খে করিয়া কর্পূরাদি সুবাসিত জল দ্বারা ঘণ্টাবাদন ও স্তবাদি পাঠ করিতে করিতে স্নান করাইবে। অর্থাৎ স্নান ভাবনা করিয়া স্নানপাত্রে জল ঢালিবে।

(প্রত্যহ দুগ্ধ, পঞ্চামৃতাদি দ্বারা স্নান করানো প্রশস্ত নহে। কোন বিশেষ সময়ে ঐ সকল দ্বারা স্নান করাইলেও পরে সুবাসিত জলের দ্বারা পুনঃ স্নান করাইতে হইবে। বাসিজলে কখনও স্নান করাইবে না।)

স্নানান্তে সূক্ষ্ম শুষ্ক বস্ত্রের দ্বারা শ্রীঅঙ্গ (শ্রীমূর্ত্তিপট) শ্রীগুরুমন্ত্র উচ্চারণপূর্ব্বক মুছাইয়া দিবে। পরে—

"ইদং সোত্তরীয়ং বস্ত্রং ঐং গুরবে নমঃ"—

এই মন্ত্রে গুরুদেবকে বস্ত্র দেওয়া হইতেছে ভাবনা করিয়া ২টি পুষ্প অথবা দুইবার জল বিসর্জ্জনীয় পাত্রে ত্যাগ করিবে।

ইদং আচমনীয়ং ঐং গুরবে নমঃ—এই মন্ত্রে পূর্ব্ববৎ আচমন জল দিবে।

শ্রীমূর্ত্তির প্রসাদন—অতঃপর শ্রীগুরুদেব সিংহাসনে আসিয়া বসিয়াছেন—এইরূপ ভাবনাপূর্ব্বক সিংহাসনে নির্দিষ্ট আসনে স্থাপন করিয়া শ্রীমূর্ত্তির চরণ (হৃদয়) স্পর্শ করিয়া শ্রীগুরুমন্ত্র ৮ বার জপ করিবে। ইহা শ্রীমূর্ত্তির প্রসাদন। শ্রীমূর্ত্তির প্রসাদন দ্বারা ও নিজের অব্যগ্রতা অর্থাৎ স্থির চিত্ত দ্বারা অর্চ্চকের আত্মশুদ্ধি হয়। অতঃপর সম্মুখে একটি অর্চ্চনপাত্র স্থাপন করিয়া নিম্নলিখিত দশোপচারে তদুপরি অর্চ্চন করিবে।

১। "এতৎ পাদ্যং ঐং গুরবে নমঃ"—কুশীতে করিয়া বিসর্জ্জনীয় পাত্রে জলত্যাগ।

২। "ইদং অর্ঘ্যং ঐং গুরবে নমঃ"—অর্ঘ্য (গন্ধ-পুষ্প-জল) অর্চ্চনপাত্রে দিবে।

৩। ইদং আচমনীয়ং ঐং গুরবে নমঃ"—কুশীতে করিয়া বিসর্জ্জনীয় পাত্রে জলত্যাগ।

৪। "এষ মধুপর্ক ঐং গুরবে নমঃ"—মধুপর্ক অর্চ্চনপাত্রে দিবে; অথবা অন্য পাত্রে করিয়া নিবেদন করিবে।

৫। "ইদং পুনরাচমনীয়ং ঐং গুরবে নমঃ"—পূর্ব্ববৎ।

৬। "এষ গন্ধং ঐং গুরবে নমঃ"—পুষ্পদলে করিয়া চন্দন অর্চ্চনপাত্রে দিবে, শ্রীমূর্ত্তির চরণেও (দুইবার) দিবে।

৭। "ইদং সগন্ধপুষ্পং ঐং গুরবে নমঃ"—সিংহাসনে শ্রীমূর্ত্তির চরণে দিবে, অর্চ্চনপাত্রেও দিবে (দুইবার) (শ্রীগুরুপাদপদ্মে তুলসী অর্পণ নিষেধ)

৮। "এষ ধূপঃ ঐং গুরবে নমঃ"—বিসর্জ্জনীয় পাত্রে জলত্যাগ।

৯। "এষ দীপ ঐং গুরবে নমঃ"—বিসর্জ্জনীয় পাত্রে জলত্যাগ।

১০। "ইদং নৈবেদ্যং ঐং গুরবে নমঃ"—নৈবেদ্যপাত্রে জলশঙ্খসহ তুলসী দিবে। তারপর যথাশক্তি শ্রীগুরুমন্ত্র ও শ্রীগুরুগায়ত্রী জপ করিবে। দশবারের কম জপ করিবে না।

শ্রীগুরু-স্তুতি

শ্রীচৈতন্যমনোঽভীষ্টং স্থাপিতং যেন ভূতলে।
স্বয়ং (সোঽয়ং) রূপঃ কদা মহ্যং দদাতি স্বপদান্তিকম্॥১॥

ত্বং গোপিকা বৃষরবেস্তনায়ান্তিকেঽসি
সেবাধিকারিণি গুরো নিজপাদপদ্মে।

দাস্যং প্রদায় কুরু মাং ব্রজকাননে
শ্রীরাধাঙ্ঘ্রি সেবনরসে সুখিনীং সুখাব্ধে॥২॥

শ্রীগুরু-প্রণাম

ওঁ অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জন শলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥

বৈষ্ণব-প্রণাম

বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো নমো নমঃ॥

স্বাত্মার্পণ

অংশো ভগবতোঽস্মাহং সদা দাসোঽস্মি সর্ব্বথা।
তৎকৃপাপ্রেক্ষকো নিত্যং তৎপ্রেষ্ঠসাৎ করোমিস্বম্॥

মাং মদীয়ঞ্চ সকলং শ্রীগুরবে সমর্পয়ামি। ইদং সর্ব্বং ঐং গুরবে নমঃ। ওঁ তৎ সৎ। ওঁ হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে। হরে রাম হরে রাম রাম রাম হরে হরে।। শ্রীমূর্ত্তির চরণে পুষ্প দান। (শ্রীগুরুদেবকে ভোগ-নিবেদন পদ্ধতি পরে দ্রষ্টব্য)।

শ্রীশালগ্রামে শ্রীগৌরাঙ্গ স্নান

স্নান—স্নানস্থানে আবাহন করিয়া স্নান করাইতেছি এইরূপ ভাবনাপূর্ব্বক স্নান-পাত্রে আসন, পাদ্য, আচমন নিবেদন করিয়া স্নান করাইবে।

শ্রীগৌরাঙ্গ পূজা

অতঃপর শ্রীগুরুদেবের অনুজ্ঞা ও কৃপা প্রার্থনা করিয়া পঞ্চতত্ত্বাত্মক শ্রীগৌরাঙ্গের অর্চ্চন করিবে। শ্রীগুরুপূজার অনুরূপ নিজের অবস্থান চিন্তা করিয়া শ্রীগৌরাঙ্গের ধ্যানপূর্বক অর্চ্চন করিবে।

ধ্যান যথা—

শ্রীমন্মৌক্তিকদামবদ্ধচিকুরং সুস্মেরচন্দ্রাননং
শ্রীখণ্ডাগুরুচারুচিত্র বসনং স্রগ্ দিব্যভূষাঞ্চিতম্।

নৃত্যাবেশরসানুমোদমধুরং কন্দর্পবেশোজ্জ্বলং
চৈতন্যং কনকদ্যুতিং নিজজনৈঃ সংসেব্যমানং ভজে।।

জয় শ্রীকৃষ্ণচৈতন্য-নিত্যানন্দ-অদ্বৈত-গদাধর শ্রীবাসাদি-শ্রীগৌরভক্তবৃন্দকি জয় (৩ বার)

মানস পূজা—শ্রীগুরুপূজার ন্যায় এই স্থলেও সর্ব উপচারের দ্বারা মানসে শ্রীগৌরাঙ্গের পূজা করিবে।

বাহ্যোপচারে পূজা—শ্রীগুরুদেব হইতে প্রাপ্ত শ্রীগৌরমন্ত্রে শ্রীমূর্ত্তিতে এবং শ্রীশালগ্রামে শ্রীগৌরাঙ্গের স্নান ও পূজা করিবে।

ইদং আসনং ক্লীং গৌরায় নমঃ—(স্নানপাত্র মধ্যে) আসনার্থ সচন্দন-পুষ্প-তুলসী বা পুষ্প।

